


বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত
“সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি”
বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স, ৪-৫ নভেম্বর ২০২০
এর প্রতিবেদন

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অন্তর্ভুক্ত ৪.৩ নং কার্যক্রমের আলোকে “সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক ০২ (দুই) দিনের একটি প্রশিক্ষণ কোর্স গত ৪-৫ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে বাপশনিক এ আয়োজন করা হয়। বাপশনিক এর চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক উক্ত প্রশিক্ষণ কোর্স এর উদ্বোধন করেন। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে এটুআই এর ফ্যাসিলিটেটর জনাব গোলাম মোহাম্মদ ভূইয়া, উপ-সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ উপস্থিত ছিলেন। এছাড়া বাপশনিক এর সদস্যগণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চেয়ারম্যান মহোদয় বাপশনিক এর বিভিন্ন নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে এই প্রশিক্ষণ কোর্স হতে সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য সকলকে উদ্বুদ্ধ করে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন ঘোষণা করেন।




স্বাক্ষর

দুইদিন ব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে বাপশনিক এর বিভিন্ন বিভাগ হতে ১৫ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। বাপশনিক এর সেবাদান প্রক্রিয়া সহজীকরণ ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ১৫ জন প্রশিক্ষণার্থীকে ২ টি গ্রুপে বিভক্ত করা হয়। উক্ত গ্রুপ ২ টি ২দিনের দলীয় কাজ সম্পাদনের মাধ্যমে ২ টি সেবাকে চিহ্নিত করে তাদের বর্তমান প্রক্রিয়ার ধাপ কমানো এবং ডিজিটালাইজেশন এর মাধ্যমে সেবা সহজীকরণের পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়। ধারণা ২ টির শিরোনামঃ

১. ই-পারমিট প্রদান এর মাধ্যমে পারমিট প্রদান সহজীকরণ,
২. দ্রুত বিল পরিশোধকরণ,

প্রশিক্ষণ শেষে পর্যালোচনা ও সমাপনী অনুষ্ঠানে ২ টি গ্রুপ হতে উক্ত ধারণা উপস্থাপন করা হয় এবং চেয়ারম্যান মহোদয় ও উপস্থিত সদস্য মহোদয়গণ এই বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। পরবর্তীতে চেয়ারম্যান মহোদয় প্রস্তাবিত ধারণাসমূহ বাস্তবায়ন এবং এধরণের প্রশিক্ষণ কোর্স ভবিষ্যতে আরো চলমান রাখার আহ্বান জানিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করেন।


08.11.2020
(সোমা শীল)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও

সদস্য, ইনোভেশন টিম

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-মেইলঃ soma@baera.gov.bd